হরিণাকুণ্ডুতে অসহায় পরিবারের পাশে “আমরাও পারি” সংগঠন

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে একটি অসহায় পরিবারের পাশে দাঁড়িয়েছে আমরাও পারি মানব কল্যাণ স্বেচ্ছাসেবী সংগঠন।

সংগঠনটি এই অসহায় পরিবারটিকে এক মাসের চাল-ডালসহ কাঁচা বাজার করে দিয়েছে। একই সঙ্গে আরও সহযোগিতার আশ্বাস দিয়েছে সংগঠনটি।

জানা গেছে, ওই অসহায় পরিবারটি থাকেন উপজেলার ৩ নং তাহেরহুদা ইউনিয়নের ভবানীপুর গ্রামে। দুইটি সন্তান ও স্ত্রীকে রেখে তার স্বামী লক্ষাধিক টাকা ঋনের দায়ে আত্মহত্যা করে মারা গেছেন। বড় সন্তান অর্পিতা হরিণাকুণ্ডু লালন শাহ কলেজে অনার্স পড়ছে, এবং ছোট ছেলেটা ক্লাস ফাইভের ছাত্র। মেয়েটার কলেজে যাবার মত ভালো পোষাক নেই, নেই জাতায়াতের ভাড়া, দুবেলা দু মুঠো ভাত জোটেনা তাদের, মায়ের অবস্থা একদম খারাপ, স্বামী হারানোর শোকে জটিল রোগে ভুগছেন তিনি। তার পরিবার এখন অন্যের কাছে হাত পেতে কোন রকম জীবন অতিবাহিত করছেন।

তার শরীরে অনেক জটিল রোগ থাকায় এখন ঠিকমতো কাজও করতে পারেন না। তার আকাশ ভরা চিন্তায় ঘুম আসেনা, ছেলেমেয়ের পড়াশোনা করিয়ে মানুষের মত মানুষ করতে চাই। বড় মেয়ে অর্পিতা জানায় পড়াশোনা শেষ করে বাবা মায়ের স্বপ্ন পুরন করাটা এখন আমার জীবনের চ্যালেঞ্জ হয়ে দাড়িয়েছে, আমি পড়াশোনার পাশাপাশি যদি কোন একটা কাজ করতে পারতাম তাহলে আমার মায়ের ভালো চিকিৎসা এবং ছোট ভাইটাকে মানুষের মত মানুষ করে গড়ে তুলতে পারতাম, যদি আমাকে কেউ একটা ভালো কাজের ব্যবস্থা করে দিতে পারেন তাহলে তাদেও প্রতি আমি এবং আমার পরিবার চির কৃতজ্ঞ থাকতাম, তাই গ্রামের সামর্থবান ব্যক্তিদের নিকট আমার অসহায়ত্বার বিষয়টি তুলে ধরি।

এই খবর পেয়ে তৎক্ষণাৎ উপজেলার “আমরাও পারি” মানব কল্যান সংগঠন টিম পরিবারটিকে এক মাসের বাজার করে দেন এবং সব ধরণের সহায়তার আশ্বাস দেন।

আমরাও পারি মানব সংগঠন স্বেচ্ছাসেবী সংগঠনের সভাপতি রাজন আহম্মেদ বলেন, আমরা হরিণাকুণ্ডুর সকল ইউনিটের সদস্যদের নিয়ে অসহায় মানুষের সেবা করে যাবো। তিনি এই সংগঠনের সঙ্গে যুক্ত হয়ে